

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮-৪১  
মোহনপুর, ২৪ ফেব্রুয়ারি, ২০২৫

**মোহনপুর মহকুমাভিত্তিক জব ফেয়ার ও ফিল মেলা**

হেজামারা ইউনিয়নের শরৎ চৌধুরী পাড়া উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ে মোহনপুর মহকুমাভিত্তিক জব ফেয়ার ও ফিল মেলা অনুষ্ঠিত হয়। তাছাড়াও বিদ্যালয়ে অনুষ্ঠিত হয় মেগা প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির। শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা এই মেলা ও শিবিরের উদ্বোধন করেন। উপস্থিতি ছিলেন এডিসি'র কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, হেজামারা বিএসি'র চেয়ারম্যান সুনীল দেববর্মা, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত, হেজামারা ইউনিয়ন বিডিও মানস মুড়াসিং উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিতি ছিলেন। শিবিরের উদ্বোধন করে শিল্প দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা আশা প্রকাশ করেন বেকার যুবক যুবতীদের দক্ষতা বৃদ্ধির জন্য এধরণের উদ্যোগ ফলপ্রসূ হবে।

শিবিরে চিকিৎসকগণ ১২১ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ প্রদান করেন। শিবিরে ৩২৩ জনকে এসটি, পিআরটিসি, ম্যারেজ সার্টিফিকেট, রেশন কার্ড দেওয়া হয় ও আধার কার্ড আপডেট করা হয়। শিবিরে বিভিন্ন কাজের দক্ষতা বৃদ্ধির বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আয়োজন করা হয় সাংস্কৃতিক অনুষ্ঠানেরও।

\*\*\*\*\*